

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবরের মালদ্বীপ প্রজাতন্ত্র সফর

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির বিশেষ দৃত হিসাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর মালদ্বীপ সফর করলেন ২১-২২ ফেব্রুয়ারি, ২০১৭। সফরকালে শ্রী আকবর সাক্ষাৎ করেন মহামান্য জনাব আবদুল্লাহ ইয়েমেন আবদুল গায়ুম, মালদ্বীপ প্রজাতন্ত্রের প্রেসিডেন্টের সঙ্গে, এছাড়াও পৃথক বৈঠক করেন বিদেশমন্ত্রী ড. মহম্মদ আসিম-র সঙ্গে, যিনি প্রতিমন্ত্রীর সম্মানার্থে একটি সরকারি মধ্যাহ্নভোজসভার আয়োজন করেছিলেন।

ভারত ও মালদ্বীপের মধ্যে ঘনিষ্ঠ রাজনৈতিক আলোচনা এবং বিনিময়ের ঐতিহ্যের সঙ্গে তালিমিলিয়ে ছিল মন্ত্রী আকবরের এই সফর। মন্ত্রী মালদ্বীপের প্রেসিডেন্টের কাছে প্রধানমন্ত্রী মোদির ব্যক্তিগত শুভেচ্ছাবার্তা পৌঁছে দেন এবং স্থিতিশীল, গণতান্ত্রিক, শান্তিপূর্ণ এবং সমৃদ্ধ মালদ্বীপ গঠনে সেখানকার নাগরিকদের আকাঙ্ক্ষা পূরণে ভারতের সমর্থনের কথা পূর্ব্যক্ত করেন।

বৈঠকে উভয়পক্ষ দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে বিস্তারিত আলোচনা করেন এবং সম্মত হয় পারম্পরিক স্বার্থজনিত সহযোগিতার ক্ষেত্রগুলি আরও মজবুত করার বিষয়ে। প্রতিরক্ষা ও নিরাপত্তা, সন্ত্রাস দমন এবং অর্থনৈতিক বন্ধন-সহ মালদ্বীপের পর্যটন ক্ষেত্রে দৃঢ় বিনিয়োগ-সহ একাধিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও বিবর্তনশীল অংশীদারিত্ব, সক্ষমতা, যুব ও সাংস্কৃতিক বিনিময়ের উপর আলোচনা হয়।

প্রেসিডেন্ট ইয়েমেন ভারতের দৃঢ়বন্ধ সমর্থনের জন্য তাঁর অন্তরিক্ততা ব্যক্ত করেন এবং ভারতের সঙ্গে তাঁর সরকারে ‘ভারত প্রথম’ নীতির গুরুত্বের কথা পূর্ব্যক্ত করেন।

নয়াদিল্লি

ফেব্রুয়ারি ২২, ২০১৭